

# আমাদের মমু

## ছাত্র আন্দোলনের মুখে যোগ দিতে পারেননি বিএম কলেজ উপাধ্যক্ষ

বরিশাল বৃহরো

২৪ মে ২০২১ ০০:০০ | আপডেট: ২৩ মে ২০২১ ২৩:৩০

# আমাদের মমু

সরকারি ব্রজমোহন কলেজের (বিএম) উপাধ্যক্ষ হিসেবে পদায়ন হয়েও সাধারণ শিক্ষার্থীদের বাঁধায় যোগদান করতে পারেননি অধ্যাপক এএস কাইটম উদ্দিন আহমেদ।

উপাধ্যক্ষ হিসেবে গতকাল রবিবার তার যোগদানের খবরে কলেজ ছাত্রলীগ নেতাকর্মী ও সাধারণ শিক্ষার্থীরা প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নেন।

জানা গেছে, গত বৃহস্পতিবার (২০ মে) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপসচিব ড. শ্রীকান্ত কুমার চন্দ স্বাক্ষরিত বিজ্ঞপ্তির মাধ্যমে এএস কাইটম উদ্দিন আহমেদকে বিএম কলেজের উপাধ্যক্ষ হিসেবে নিয়োগের বিষয়টি জানান। নিয়োগের ভিত্তিতে অধ্যাপক কাইটম উদ্দিন উপাধ্যক্ষ হিসেবে যোগদান করতে রবিবার সকালে কলেজ ক্যাম্পাসে আসেন।

তার যোগদানের খবর সাধারণ শিক্ষার্থীদের মাঝে ছড়িয়ে পড়লে শিক্ষার্থীরা ক্ষুক্র হয়ে আন্দোলনের ডাক দেন। শিক্ষার্থীদের বাঁধার মুখে তিনি উপাধ্যক্ষ হিসেবে যোগদান না করেই বের হয়ে যান।

আন্দোলনরত শিক্ষার্থীরা জানান, যদি তিনি (কাইটম উদ্দিন) ফের কলেজে যোগদান করতে আসেন তাহলে কঠোর আন্দোলনের ডাক দেওয়া হবে। কারণ জানতে চাইলে শিক্ষার্থীরা বলেন, তিনি একজন অসৎ ও দুর্নীতিপরায়ণ লোক। তার মতে শিক্ষক থাকলে আমাদের কলেজ ও শিক্ষার্থীদের মারাত্মক ক্ষতি হবে।

শিক্ষার্থীরা জানান, কাইটম উদ্দিন বিএম কলেজের শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক থাকা অবস্থায় তিনি নানান ধরনের বিতর্কিত ঘটনার সঙ্গে যেমন জড়িত ছিলেন, তেমনি বিভিন্ন দুর্নীতির সঙ্গেও জড়িত। সাধারণ শিক্ষার্থীরা এ ধরনের কাউকে উপাধ্যক্ষ হিসেবে চাচ্ছে না বলে কলেজ

অধ্যক্ষকে বিষয়টি অবহিত করেন তারা।

একইসঙ্গে অসৎ দুর্নীতিপরায়ণ এই শিক্ষককে নিয়োগ না দিতে সরকারের উচ্চ মহলের কাছে অনুরোধ জানিয়েছে বিএম কলেজ শিক্ষার্থীরা।

এ বিষয়ে অধ্যাপক এএস কাইটম উদ্দিন আহমেদ মুঠোফোনে বলেন, আমি যোগদান করতে সকালে কলেজে যাই। কিছু শিক্ষার্থী আমাকে যোগদানে বাঁধা দিয়ে বিভিন্ন ধরনের সেঠাগোন দিতে থাকে। তবে কী কারণে তারা আন্দোলন করেছে তা জানি না।

সরকারি বিএম কলেজের অধ্যক্ষ ড. গোলাম কিবরিয়া বলেন, সকাল থেকে কিছু শিক্ষার্থী প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নেয়। তারা লিখিতভাবে আমাকে কিছু জানায়নি। তবে শুনেছি উপাধ্যক্ষ পদে পদায়নপ্রাপ্ত এএস কাইটম উদ্দিন যাতে যোগদান করতে না পারেন, তার জন্য তারা সেখানে অবস্থান নিয়েছে। নতুন উপাধ্যক্ষ যোগদান করতে এলে আমার দায়িত্ব অনুযায়ী যোগদান গ্রহণ করব।

**তারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার**

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : [news@dainikamadershomoy.com](mailto:news@dainikamadershomoy.com), [editor@dainikamadershomoy.com](mailto:editor@dainikamadershomoy.com)

ম কৃত ধা গী ত সৈ নি ক  
**আমাদের মমতা**

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy